

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২ ১৯৬

আগরতলা, ১৬ নভেম্বর, ২০২০

ভাইফোঁটা আমাদের পরম্পরা : মুখ্যমন্ত্রী

ভাইফোঁটা আমাদের পরম্পরা। ভাইয়ের মঙ্গল কামনায় বোনেরা ফোঁটা দেন। এটা একটা প্রথা হিসেবে আমরা পালন করি। এই প্রথা দীর্ঘদিন ধরে উদযাপিত হয়ে আসছে। আজ মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে রীতি ও পরম্পরা মেনে আয়োজিত ভাইফোঁটা অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব একথা বলেন। এই উপলক্ষে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের মঙ্গল কামনা করে ভাইফোঁটা দেন রাজ্যের নানা প্রান্ত থেকে আগত বোনেরা। অনুষ্ঠানে সংবাদমাধ্যমের প্রতিনিধিদের সাথে কথা বলতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেন, ভাইফোঁটা আমাদের দেশের ভাই-বোনদের মধ্যে যে সম্পর্ক আছে তাকে আরও সুদৃঢ় করে। আমাদের দেশে যত রকম উৎসব ও প্রথা রয়েছে তার পেছনে রয়েছে একটা সাংস্কৃতিক দিকও। যা কোনও না কোনওভাবে আমাদের সমাজ ব্যবস্থাকে সুদৃঢ় করে। প্রতিবারের মতো এবারও ভাইফোঁটায় অংশ নিয়ে মুখ্যমন্ত্রী সন্তোষ ব্যক্ত করে বলেন, যে শুভেচ্ছা ও আশীর্বাদ আমি আজ পেয়েছি তা এই রাজ্যকে আরও এগিয়ে নিয়ে যেতে আমাকে প্রেরণা দেবে। মুখ্যমন্ত্রী বলেন, ভাই-বোনদের মধ্যে সম্পর্কটাই হচ্ছে একে অপরকে রক্ষা করা ও আশীর্বাদ করা।

ভাইফোঁটায় অংশ নিয়ে মুখ্যমন্ত্রী আরও বলেন, আমাদের কাজ হচ্ছে বোনদের রক্ষা করা ও তাদের স্বশক্তিকরণ করা। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রীকে ভাইফোঁটা দিতে পেরে খুশি রাজ্যের নানা প্রান্ত থেকে আসা বোনেরা।
